# কুরআন ও সহীহ হাদীসের আলোকে নিষিদ্ধ কর্মকান্ড

বিভাগ/অধ্যায়ঃ কুরআন ও হাদীসে বর্ণিত নিষিদ্ধ কর্মসমূহ

রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

২৫১. যে শিকারের উপর ’বিসমিল্লাহ্’ পড়া হয়নি অথবা যে শিকার থেকে শিকারি কিছুটা খেয়ে ফেলেছে কিংবা যে শিকার তীর মারার পর পানিতে পড়ে মরে গিয়েছে এমন শিকারের গোস্ত খাওয়া

’আদি বিন্ ’হাতিম (রা.) থেকে বর্ণিত তিনি বলেন: আমি নবী (সা.) কে কুকুরের শিকার সম্পর্কে জিজ্ঞাসা করলে তিনি বলেন:

مَا أَمْسَكَ عَلَيْكَ فَكُلْ ، فَإِنَّ أَخْذَ الْكَلْبِ ذَكَاةٌ ، وَإِنْ وَجَدْتَ مَعَ كَلْبِكَ أَوْ كِلَابِكَ كَلْباً غَيْرَهُ ، فَخَشِيْتَ أَنْ يَكُوْنَ أَخَذَهُ مَعَهُ وَقَدْ قَتَلَهُ فَلاَ تَأْكُلْ ، فَإِنَّمَا ذَكَرْتَ اسْمَ اللهِ عَلَى كَلْبِكَ وَلَمْ تَذْكُرْهُ عَلَى غَيْرِهِ

‘‘শিকারি কুকুর যে পশুটি শিকার করে তোমার জন্য ধরে নিয়ে এসেছে তা তুমি খেতে পারো। কারণ, তার শিকার করে তোমার জন্য কোন পশু ধরে নিয়ে আসাই তা জবাই সমতুল্য। আর যদি তোমার কুকুর কিংবা কুকুরগুলোর সাথে অন্য কুকুর থাকে। আর তুমি এ আশঙ্কাও করছো যে, উক্ত কুকুরটি শিকারের কাজে হয়তো বা তোমার কুকুরের সহযোগী ছিলো এবং শিকারটিকেও হত্যা করেছে। তা হলে তুমি তা খাবে না। কারণ, তুমি তো শুধু তোমার কুকুরের উপরই ’’বিসমিল্লাহ্’’ পড়েছো। অন্য কুকুরটির উপর তো নয়’’।[1]

’আদি বিন্ ’হাতিম (রা.) থেকে অন্য বর্ণনায় আরো রয়েছে, নবী (সা.) ইরশাদ করেনঃ

إِذَا أَرْسَلْتَ كَلْبَكَ وَسَمَّيْتَ فَأَمْسَكَ وَقَتَلَ فَكُلْ ، وَإِنْ أَكَلَ فَلاَ تَأْكُلْ ، فَإِنَّمَا أَمْسَكَ عَلَى نَفْسِهِ ، وَإِذَا خَالَطَ كِلاَباً لَمْ يُذْكَرِ اسْمُ اللهِ عَلَيْهَا ، فَأَمْسَكْنَ فَقَتَلْنَ فَلاَ تَأْكُلْ ، فَإِنَّكَ لاَ تَدْرِيْ أَيُّهَا قَتَلَ ، وَإِنْ رَمَيْتَ الصَّيْدَ فَوَجَدْتَهُ بَعْدَ يَوْمٍ أَوْ يَوْمَيْنِ لَيْسَ بِهِ إِلاَّ أَثَرُ سَهْمِكَ فَكُلْ ، وَإِنْ وَقَعَ فِيْ الْمَاءِ فَلاَ تَأْكُلْ

‘‘যখন তুমি তোমার শিকারি কুকুরটিকে শিকারের জন্য ’’বিসমিল্লাহ্’’ বলে ছাড়লে অতঃপর সে কোন পশু শিকার করে মেরে তোমার জন্য নিয়ে আসলো তখন তুমি তা খেতে পারো। তবে যদি শিকারিটি শিকারের কিছু অংশ খেয়ে পেলে তা হলে তুমি তা খাবে না। কারণ, সে তো তার জন্যই তা শিকার করেছে ; তোমার জন্য তো নয়। আর যদি সে অন্য কুকুরের সাথে মিশে যায় যেগুলো ছাড়ার সময় ’’বিসমিল্লাহ্’’ পড়া হয়নি এবং সবাই মিলে কোন পশু শিকার করে মেরে তোমার জন্য তা ধরে নিয়ে আসে তা হলে তুমি তা খাবে না। কারণ, তুমি তো জানো না কোন কুকুরটি পশুটিকে হত্যা করেছে। আর যদি তুমি কোন পশুকে তীর নিক্ষেপ করো। অতঃপর তা এক বা দু’ দিন পর শুধুমাত্র তোমার তীরের চিহ্নসহ দেখতে পাও তা হলে তুমি তা খেতে পারবে। আর যদি শিকারটি তীর মারার পর পানিতে পড়ে যায় তা হলে তুমি তা আর খাবে না’’।[2]

>

ফুটনোট

[1] (বুখারী, হাদীস ৫৪৭৫)

[2] (বুখারী, হাদীস ৫৪৮৪)

Source — https://www.hadithbd.com/books/link/?id=11501

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন